

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ৩০-১০-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৬-১০-২০২৩ থেকে ২৯-১০-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

২৬ অক্টোবর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

২৭ অক্টোবর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ঝাড়গ্রাম জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

২৮ অক্টোবর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

২৯ অক্টোবর: পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৪ থেকে ৭৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫৬ থেকে ৮২ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ই অক্টোবর ডায়মন্ড হারবারে ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস ছিল এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৯ ই অক্টোবর বর্ধমানে ১৮.৬ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস:

দিন ১ (৩০ অক্টোবর)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আগামী ৩-৪ দিন রাতের তাপমাত্রা ধীরে ধীরে ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলিতে আগামী ৫ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

দিন ২ (৩১ অক্টোবর)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

দিন ৩ (০১ নভেম্বর)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:**দিন ১ (৩০ অক্টোবর)-**

কোনো সতর্কবার্তা নেই।

দিন ২ (৩১ অক্টোবর)-

কোনো সতর্কবার্তা নেই

দিন ৩ (০১ নভেম্বর)-

কোনো সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সর্মা

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

৩০-১০-২৩